গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
(শিক্ষা শাখা)
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০২.০১.২১২.২২- ৬৯০ তারিখ- ১৩/০৭/২০২২ খ্রিঃ

**বিষয়ঃ ক্লিনিক্যাল ইনস্ট্রাক্টর/ মেন্টর/ প্রিসেপ্টর হিসেবে ০২ জন করে শিক্ষকের নাম প্রেরণ।**

সূত্র: বিএনএমসি, ঢাকার স্মারক নং প্রশা-১২৪/২০২২-৬৪৮, তারিখ- ০৬/০৭/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড অনুমোদিত প্রতিষ্ঠান হতে পাশকৃত পেশেন্ট কেয়ার টেকনোলজিস্টদের শিখন ঘাটতি পূরণের লক্ষ্যে দেশের ৭৮টি মেডিকেল কলেজ হাসপাতাল/ জেনারেল হাসপাতাল/ জেলা সদর হাসপাতালে সংযুক্তি পূর্বক ০৬ মাস হাতে কলমে প্রশিক্ষা প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণ যথাযথভাবে প্রদানের লক্ষ্যে আগামী ১৮-১৯ জুলাই ২০২২ তারিখে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সম্মেলন কক্ষে ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হবে।

২। এমতাবস্থায়, ক্লিনিক্যাল ইনস্ট্রাক্টর/ মেন্টর/ প্রিসেপ্টর হিসেবে ০২ জন করে শিক্ষকের নাম নিম্নস্বাক্ষরকারীর ইমেইল এড্রেস (mrmannaf@gmail.com) বরাবর প্রেরণ করে বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল-কে (infobnmc15@gmail.com) অবহিত করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ০১ পাতা।

১৩|৭|২২
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)

প্রাপক: অধ্যক্ষ/ নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ
.........................................।

অনুলিপিঃ
১। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২। সহকারি পরিচালক, পিএমআইএস শাখা, এ অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।

রেজিস্ট্রারের কার্যালয়
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয়নগর, ঢাকা-১০০০
www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-১২৪/২০২২-৬৪৮ তারিখঃ ০৬ জুলাই ২০২২ খ্রিঃ

প্রাপকঃ মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
আইপিএইচ স্কুল রোড, মহাখালী, ঢাকা।

দৃঃ আঃ পরিচালক (শিক্ষা), ডিজিএনএম।

বিষয়ঃ "ক্লিনিক্যাল ইন্সট্রাক্টর/মেন্টর/প্রিসেপ্টর" মনোনয়ন প্রসঙ্গে।

মহোদয়,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠান হতে পাশকৃত পেশেন্ট কেয়ার টেকনোলজিস্টদের শিখন ঘাটতি পূরণের লক্ষ্যে দেশের বিভিন্ন মেডিকেল কলেজ হাসপাতাল/জেনারেল/জেলা সদর হাসপাতালে সংযুক্তি পূর্বক ০৬ (ছয়) মাস হাতে কলমে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে ইতোমধ্যে "ক্লিনিক্যাল প্র্যাক্টিস গাইডলাইন ফর ডিপ্লোমা ইন পেশেন্ট কেয়ার টেকনোলজি", প্রণয়ন করা হয়েছে। সে অনুযায়ী যথাযথভাবে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে নিকটস্থ/পার্শ্ববর্তী নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানের দু'জন করে নার্স শিক্ষক ৭৮ টি প্রশিক্ষণ কেন্দ্রের (কপি সংযুক্ত) নিমিত্ত "ক্লিনিক্যাল ইন্সট্রাক্টর/মেন্টর/প্রিসেপ্টর" মনোনয়ন প্রদানের জন্য আপনাকে অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য, বর্ণিত ৭৮ (আটাত্তর) টি হাসপাতালের নার্সিং সুপারিনটেনডেন্টগণকে (ক্ষেত্র বিশেষ: ডেপুটি-নার্সিং সুপারিনটেনডেন্ট/নার্সিং সুপারভাইজার) ওরিয়েন্টেশন আগামী ১৮ জুলাই ২০২২ খ্রিঃ এবং ডিজিএনএম মনোনীত "ক্লিনিক্যাল ইন্সট্রাক্টর/মেন্টর/প্রিসেপ্টরগণের" ওরিয়েন্টেশন আগামী ১৯ জুলাই ২০২২ খ্রিঃ অনুষ্ঠিত হবে। অন্যান্য প্রস্তুতি সম্পন্ন করে বিগত ৩টি কম্প্রিহেন্সিভ/লাইসেন্সিং পরীক্ষায় উত্তীর্ণ মোট ৩,৮৬২ (তিন হাজার আটশত বাষট্টি) জন প্রার্থীর প্রশিক্ষন আগামী ২৩-০৭-২০২২ খ্রিঃ হতে শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

অতএব মহোদয়, বিষয়টি আপনার সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্তিঃ ৪ (চার) পৃষ্ঠা।

বিনীত

06.07.2022
রাশিদা আক্তার
রেজিস্ট্রার (অ: দা:) এবং ডেপুটি-রেজিস্ট্রার
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল।

সদয় অবগতি জন্য নুলিপি প্রেরিত হলোঃ

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (দৃ: আ: উপসচিব, নার্সিং শিক্ষা শাখা)।

২. ভাইস-প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং অতিরিক্ত সচিব (চিশি), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

৩. হিসাব শাখা, বিএনএমসি।

৪. জনাব/ বেগম ............................................................